

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

Web: [www.rdodtekhulna.gov.bd](http://www.rdodtekhulna.gov.bd)

Email: [rdokhulna@gmail.com](mailto:rdokhulna@gmail.com)

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৪০৭

প্রাপক,

প্রধান শিক্ষক,

আর কে ডি এস পাইলট বালিকা বিদ্যালয়,

অন্নুগখোলা, বাগেরহাট।

তারিখ : ১৪/০৯/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন বিষয় চিহ্নিত করে একখানা প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে দেখা যায় :

১। ব্যবহারিক ক্লাশ করানো হয় না।

২। ড্রেসমেকিং ট্রেডের ফ্যাশন মেকার, লক মেশিন, এমব্রয়ডারি ও সিল্পের স্টীচ ইনাডাস্ট্রিয়াল মেশিন দীর্ঘ দিন ব্যবহার না করার ফলে নষ্ট হয়ে গেছে।

৩। ফুড প্রসেসিং ও ইলেকট্রিক্যাল ট্রেডের যন্ত্রপাতি ও হ্যান্ডটুলস রক্ষণাবেক্ষনে অযত্নের ছাপ রয়েছে।

৪। শিক্ষার্থী উপস্থিতির হার কম।

৫। সঠিক ভাবে রুটিন প্রণয়ন করা হয়নি।

৬। ইয়ার প্লান নেই।

৭। অগ্রগতি কার্ড নেই।

৮। ক্যাশবহি হালনাগাদ নেই।

৯। মে/২০১৭ হতে বেতন রেজিস্টারে রেভিনিউ লাগানো হয় না এবং স্বাক্ষর করা হয় না।

এমতাবস্থায় উল্লিখিত অসংগতি সমূহের ব্যাখ্যা প্রদানসহ পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে সকল যন্ত্রপাতি ওয়ার্কশপে স্থাপন এবং ব্যবহার উপযোগি করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

তারিখ : ১৪/০৯/২০১৯ খ্রিঃ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৪০৭(৬)

সদয় অবগতি ও কার্যার্থে তনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। পরিচালক (পিআইডরিউ /ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), ~~মাগুরা~~ বাগেরহাট।

৪। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক, অত্র দপ্তর।

৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, আর কে ডি এস পাইলট বালিকা বিদ্যালয়।


৬। সংরক্ষণ নথি।

  
(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

  
১৪/০৯/১৯